



গাজীপুরে সাংবাদিক তুহিন হত্যা: হামলাকারীরা চিহ্নিত হলেও এখনও নেই গ্রেফতার



সংগৃহীত ছবি

গাজীপুরে সাংবাদিক আসাদুজ্জামান তুহিনকে প্রকাশ্যে কুপিয়ে হত্যার ঘটনায় এখন পর্যন্ত কাউকে গ্রেফতার করতে পারেনি আইনশৃঙ্খলা বাহিনী। পুলিশ জানিয়েছে, ঘটনাস্থলের সিসিটিভি ফুটেজ পর্যালোচনার মাধ্যমে জড়িতদের শনাক্ত করা হয়েছে এবং তাদের গ্রেফতারের চেষ্টা চলছে।

গাজীপুর শহরের ব্যস্ততম এলাকা চান্দনা চৌরাস্তা। সেখানেই বৃহস্পতিবার রাত ৮টার দিকে নির্মম হত্যাকাণ্ডের শিকার হন দৈনিক প্রতিদিনের কাগজ-এর গাজীপুর প্রতিনিধি সাংবাদিক আসাদুজ্জামান তুহিন। ঘটনাটি ঘটে লোকচক্ষুর সামনেই।

পুলিশ জানিয়েছে, ঘটনার কিছুক্ষণ আগে শাপলা ম্যানশনের সামনে এক নারীকে মারধর করছিলেন বাদশা মিয়া নামে এক ব্যক্তি। এসময় কয়েকজন দুর্বৃত্ত ধারালো অস্ত্র নিয়ে বাদশার ওপর হামলা চালায়। তুহিন পুরো ঘটনাটি মোবাইলে ভিডিও করছিলেন। বিষয়টি বুঝতে পেরে হামলাকারীরা তাকে ভিডিওটি মুছে ফেলতে বলে।

তবে তুহিন সাংবাদিক পরিচয় দিয়ে ভিডিও ডিলিট করতে অস্বীকৃতি জানান। এতে ক্ষিপ্ত হয়ে দুর্বৃত্তরা পাশের একটি মার্কেটের সামনে তাকে ঘিরে ধরে এলোপাতাড়ি কুপিয়ে হত্যা করে। এ ঘটনায় মামলা দায়ের হলেও ঘটনার ২৪ ঘণ্টা পার হয়ে গেলেও এখনও কেউ গ্রেফতার হয়নি। পুলিশ জানিয়েছে, সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ করে হত্যাকাণ্ডে জড়িতদের শনাক্ত করা হয়েছে এবং তাদের দ্রুত আইনের আওতায় আনার চেষ্টা চলছে।